# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ লেনদেন ও ব্যবসা-বাণিজ্য

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

এক ব্যাক্তির অর্থের প্রয়োজন হল। ঋণ কোথাও না পেয়ে এক গাড়ির ডিলারের কাছে গেল। ডিলারের নিকট থেকে ধারে একটি গাড়ি ক্রয় করল। অতঃপর সেই গাড়িকেই ঐ ডিলারের নিকট ৯০ হাজার টাকা দিয়ে বিক্রি করল। পরবর্তীকালে কিস্তিতে সেই টাকা পরিশোধ করল। ফলে ১০ হাজার টাকা ডিলারের পকেটে অনায়াসে এসে গেল। এমন কারবার বৈধ কি?

কাউকে ধারে মাল বিক্রয় করে সেই মাল কম দামে তার নিকট থেকেই ক্রয় করা হারাম। এই ব্যবসাকে শরীয়তে ‘ইনাহ’ ব্যবসা বলা হয়। আল্লাহর রাসুল (সঃ) বলেন, “যখন তোমরা ইনাহ ব্যবসা করবে এবং গরুর লেজ ধরে কেবল চাষ বাস নিয়েই সন্তষ্ট থাকবে, আর জিহাদ ত্যাগ করে বসবে, তখন আল্লাহ তোমাদের উপর এমন হীনতা চাপিয়ে দেবেন, যা তোমাদের হৃদয় থেকে ততক্ষণ পর্যন্ত দুর করবেন না, যতক্ষণ পর্যন্ত না তোমরা তোমাদের দ্বীনের প্রতি প্রত্যাবর্তন করেছ।” (মুসনাদে আহমাদ ২/২৮, ৪২, ৮৪, আবু দাউদ ৩৪৬২, বাইহাকি ৫/৩১৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2241

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন